

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 11-11-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ গোমতী জেলার কাকড়াবনে রাজ্যের ২৮তম সরকারি ডিগ্রী কলেজের উদ্বোধন করেন।  
(২) জল সঞ্চয় জনভাগিনীরী কার্যক্রমে অসাধারণ অবদানের জন্য রাজ্যের সিপাহীজলা জেলা উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে প্রথম পুরস্কার পাচ্ছে।  
(৩) ভুটানে ভারত ও ভুটানের যৌথ উদ্যোগে গড়ে উঠা পুনাটসাংচু-২ জলবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন হলো আজ।  
(৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় আসামের বিরুদ্ধে ত্রিপুরা লিড নিয়ে ড্র করেছে।

\*\*\*\*\*

**CM-College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ গোমতী জেলার কাকড়াবনে রাজ্যের ২৮তম সরকারি ডিগ্রী কলেজের উদ্বোধন করেন। তাছাড়া তিনি ডায়েটের ৫০ আসনের ছাত্রী আবাসের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে কাকড়াবনের ডায়েট প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ত্রিপুরা গড়তে রাজ্য সরকারের উদ্যোগ বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে বঙ্গব রাখেন অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়, উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন। উপস্থিতি ছিলেন গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

**6th National Water Award 2025 :**

জল সংগ্রহ জনভাগিনীর কার্যক্রমে অসাধারণ অবদানের জন্য রাজ্যের সিপাহীজলা জেলা উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে প্রথম পুরস্কার পাচ্ছে। রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু আগামী ১৮ই নভেম্বর নতুনদিল্লির বিজ্ঞান ভবনে ষষ্ঠ জাতীয় জল পুরস্কার ২০২৫ প্রদান করবেন। জলশক্তি মন্ত্রক জল সংগ্রহে অসাধারণ অবদানের জন্য সেরা রাজ্য, সেরা জেলা, গ্রাম পঞ্চায়েত, সেরা নগর স্থানীয় সংস্থা, সেরা স্কুল বা কলেজ, সেরা শিল্প, সেরা জল ব্যবহারকারী সমিতি, সেরা নাগরিক সমাজ এবং জল ক্ষেত্রে উৎকর্ষতার জন্য মোট ১০০টি পুরস্কার ঘোষণা করে।

ক্যাচ দ্য রেন প্রচারাভিযানের আওতায় জল সংগ্রহ জনভাগিনীর কার্যক্রমে সিপাহীজলা জেলার অসাধারণ অবদানের কথা তুলে ধরেছেন জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল।

# # # # Byte- Siddharth Shiv Jaiswal# # # # #

\* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \*

### **Voice Over-National Education Day :**

আজ জাতীয় শিক্ষা দিবস। স্বাধীন ভারতের প্রথম শিক্ষামন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদের জন্মদিন। দেশের শিক্ষামন্ত্রী হিসেবে এক দশকের বেশি সময় শিক্ষাব্যবস্থায় ভারতীয় সংস্কৃতি ও মূল্যবোধ অনুসরণ করে অগ্রগতির দিশা সঞ্চারিত করেছিলেন। তাঁর সেই অবদানের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের লক্ষ্যেই এই দিবস উদযাপন। এনিয়ে একটি প্রতিবেদন।

# # # # # VC# # # # #

\* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \* \*

### **CM-Manubazar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সাব্রামের মনুবাজারের বসুন্ধরা বনচেতনা কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে ১৫০০ জন জনজাতি মহিলাকে ১ কেজি ২৫০ গ্রাম করে সুতো প্রদান করেন। এ উপলক্ষ্যে হস্ততাঁত ও রেশম শিল্প দলের আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জনজাতি

মহিলারা যাতে রিসা সহ অন্যান্য পোশাক তৈরির পর তা বিক্রি করে আত্মনির্ভর হতে পারে সে লক্ষ্যেই এই সুতা বিতরণ কর্মসূচি। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, দক্ষিণ জিলা পরিষদের সভাধার্থিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্টু মগ, জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ।

\*\*\*\*\*

### **Jolaibari HS School :**

দক্ষিণ জেলার জোলাইবাড়ি দ্বাদশ স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান ও শিক্ষক-অভিভাবক সম্মেলন আজ অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্কারণ নোয়াতিয়া। এই স্কুলের প্রাক্তন ছাত্র ত্রিপুরা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি স্বপন চন্দ্র দাস, বরিষ্ঠ শিশু বিশেষজ্ঞ ডাঃ নীলরতন মজুমদার, ক্যান্সার বিশেষজ্ঞ ডাঃ গৌতম মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# ##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PM, Bhutan :**

পুনাটসাংচু-2 জলবিদ্যুৎ প্রকল্পের উদ্বোধনের মাধ্যমে ভারত ও ভুটানের মধ্যে সফল জ্বালানি অংশীদারিষ্ঠের আরেকটি বড় মাইলফলক স্বাক্ষরিত হলো। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুকের সঙ্গে দ্বি-পার্শ্বিক সম্পর্ক আরো জোরদার ও শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেন। উভয়দেশের মধ্যে পুনর্বীকরণযোগ্য জ্বালানি, মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং স্বাস্থ্য সেবা ক্ষেত্রে ৩টি সমবোতা স্মারক স্বাক্ষরিত হয়। আজ বিকলে ভুটানের থিম্পুতে ওয়াং চু নদীর পশ্চিম তীরে অবস্থিত প্রতিহাসিক দুর্গ এবং বৌদ্ধ বিহার তাশিছো জং-এ ভুটানের রাজা এবং রাণী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানান। তিনি রাজা এবং রাণীর সঙ্গে প্রার্থনা করেন এবং প্রদীপ জ্বালান।

এর আগে আজ সকালে থিম্পুতে ভুটানের চতুর্থ রাজার ৭০তম জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে শ্রী মোদী বলেন, দিল্লির ভয়াবহ ঘটনার ষড়যন্ত্রকারীদের রেহাই দেওয়া হবে না এবং দায়ী সকলকে বিচারের আওতায় আনা হবে।

# ##### Byte-PM#####

প্রধানমন্ত্রী বলেন, আজকের দিনটি ভুটানের জন্য, ভুটানের রাজপরিবারের জন্য এবং বিশ্ব শান্তিতে বিশ্বাসী সকল মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, শতাব্দীর পর শতাব্দী ধরে ভারত ও ভুটানের মধ্যে সম্পর্ক অত্যন্ত গভীর, সৌহার্দ্যপূর্ণ এবং সাংস্কৃতিক, তাই এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে অংশগ্রহণ করা ভারতের এবং তাঁর জন্যও একটি অঙ্গীকার ছিল।

\*\*\*\*\*

### **Bihar Vote :**

কঠোর নিরাপত্তার মধ্যে দিয়ে আজ বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ে ভোট গ্রহণ পর্ব শেষ হয়েছে। ২০ টি জেলার ১২২ টি আসনে বিকেল পাঁচটা পর্যন্ত ৬৭ দশমিক ১/৮ শতাংশ ভোট পড়েছে। এই দফায় ৩ কোটি ৭০ লক্ষেরও বেশী ভোট দাতা, ১৩৬ জন মহিলা সহ

এক হাজার ৩০২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন। উল্লেখ্য, বিহারে প্রথম পর্বের নির্বাচন চলতি মাসের ৬ তারিখে অনুষ্ঠিত হয়। এই পর্বে ৬৫ শতাংশ ভোটগ্রহণ রেকর্ড করা হয়েছে। বিহার বিধানসভা নির্বাচনের ভোট গণনা করা হবে আগামী ১৪ই নভেম্বর।

\*\*\*\*\*

### **Cyber Bharat Setu :**

রাজ্য সরকারের তথ্যপ্রযুক্তি দপ্তর এবং কেন্দ্রীয় সরকারের ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়ান কম্পিউটার এমার্জেন্সি রেসপন্স টিমের সহযোগিতায় আজ থেকে আগরতলার প্রজ্ঞাভবনে "সাইবার ভারত সেতু: বিজিং স্টেটস, সিকিউরিং ভারত" শীর্ষক দুদিনের জাতীয় কর্মশালা শুরু হয়েছে। যার উদ্দেশ্য রাজ্যের সাইবার সচেতনতা, প্রস্তুতি ও প্রতিক্রিয়ার সক্ষমতা বৃদ্ধি করা। কর্মশালায় কেন্দ্রীয় সরকারের ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রকের সচিব এস. কৃষ্ণান ত্রিপুরা সাইবার সিকিউরিটি পলিসি ২০২৫-এর উন্নোধন করেন। তিনি বলেন, এই নতুন নীতিটি পরিবর্তনশীল সাইবার ছমকির মোকাবিলার উদ্দেশ্যে প্রণীত হয়েছে, যা একটি স্থিতিশীল এবং নাগরিককেন্দ্রিক সাইবার ইকোসিস্টেম গড়ে তুলতে সাহায্য করবে। এই নীতি রাজ্যের তথ্যপ্রযুক্তি ও আই.সি.টি অবকাঠামো সুরক্ষা, প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ, সক্ষমতা বৃদ্ধি এবং সরকারি-বেসরকারি অংশীদারিষ্ঠের মাধ্যমে একটি নিরাপদ ও সাইবার-সহনশীল ত্রিপুরা গঠনে দিকনির্দেশক কাঠামো হিসেবে কাজ করবে। কর্মশালায় বক্তব্য রাখেন মুখ্যসচিব জে. কে. সিনহা, পুলিশের মহানির্দেশক অনুরাগ, তথ্য প্রযুক্তি মন্ত্রকের অধিকর্তা জে আর গেশান, রাজ্যের তথ্য প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিতে প্রমুখ।

\*\*\*\*\*

### **BJP Press Meet :**

ভগবান বীরসা মুড়ার ১৫০তম জন্মজয়ন্তী জনজাতি গৌরব দিবস হিসাবে পালন করবে প্রদেশ বিজেপি। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত

এক সাংবাদিক সম্মেলনে একথা জানান জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি জানান, আগামী ১৫ই নভেম্বর জনজাতি গৌরব দিবসের রাজ্যভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে খুলুঙ্গ-এ। সেখানে এই প্রথমবারের মতো একসঙ্গে ১২০০ জন শিল্পী প্রতিহ্যবাহী মামিতা নৃত্যে অংশ গ্রহণ করবেন। তাছাড়া আগামী ১৩ থেকে ১৫ নভেম্বর রাজ্যের বিভিন্ন জেলায় প্রদেশ বিজেপির পক্ষ থেকে নানা কর্মসূচী নেওয়া হয়েছে। তিনি আরো জানান, রাজ্যের প্রতিটি জেলায় শোভাযাত্রা, হলসভা, বিভিন্ন জনজাতি ব্যক্তিকে সংবর্ধনা দেওয়া হবে। প্রতিটি একলব্য স্কুলে ভগবান বীরসা মুন্ডার জীবনকাহিনী তুলে ধরা হবে। শিক্ষা, স্বাস্থ্য, জীবিকা, পরিকাঠামো এবং দক্ষতা বিকাশে আদিবাসীদের জন্য কেন্দ্রের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের কথাও এই অনুষ্ঠানে প্রচার করা হবে। তিনি বলেন, আগরতলায় ১৫ নভেম্বর সকালে এক শোভাযাত্রার আয়োজন করা হবে।

\*\*\*\*\*

### **Dengue-Kailashahar :**

উন্কোটি জেলার জেলা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সঞ্জয় রঞ্জপাল আজ জানিয়েছেন, কৈলাশহর ও সংলগ্ন বিভিন্ন অঞ্চলে ডেঙ্গুর প্রাদুর্ভাব মোকাবেলায় স্বাস্থ্য দপ্তর প্রয়োজনীয় উদ্যোগ নিয়েছে। বিভিন্ন এলাকায় স্বাস্থ্য শিবির ও বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হচ্ছে।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় আসামের বিরুদ্ধে ত্রিপুরা লিড নিয়ে ড্র করেছে। এমবিবি স্টেডিয়ামে ৩ উইকেটে ৭৮ রান থেকে আজ চতুর্থ তথা শেষ দিনে খেলতে নেমে আসাম দ্বিতীয় ইনিংসে দিনের শেষ পর্যন্ত লড়াই করে ৭ উইকেট হারিয়ে ৩৬৭ রান করে। দলের পক্ষে দলনেতা ডেনিস দাস ১০৩ ও শিবশংকর রায় অপরাজিত ১০১ রান করেন। রাজ্যদলের পক্ষে অভিজিৎ সরকার ৭০ রানে ৩টি উইকেট পান। এর আগে রাজ্যদল ৭ উইকেটে ৬০২ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দিয়েছিল। জবাবে

আসাম প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৩৮ রান করে। ম্যাচে লিড নিয়ে করায় ত্রিপুরা ৩ ও আসাম ১ পয়েন্ট পায়। এপর্যন্ত রাঞ্জি ট্রফিতে এবারের আসরে রাজ্যদল চার ম্যাচ থেকে ছয় পয়েন্ট সংগ্রহ করেছে।

\* \* \* \* \*

### **Arsia Das :**

জাতীয় সাব জুনিয়র অনূর্ধ্ব ১৫ দাবায় মেয়েদের বিভাগে ভারত সেরা হয়ে আজ রাজ্যে ফিরেছে আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস। রাজ্য ফিরে অর্শিয়া জানায় তার লক্ষ্য আসন্ন বিশ্ব দাবার আসরে ভাল ফল করা। আগরতলা বিমানবন্দরে রাজ্যের সেরা এই দাবাড়ুকে স্বাগত জানায় রাজ্য দাবা সংস্থা। উপস্থিত ছিলেন দাবা সংস্থার সভাপতি অভিজিৎ মল্লিক ও অন্যান্য কর্মকর্তারা। উলেখ্য, উত্তর প্রদেশের গাজিয়াবাদে জাতীয় এই আসরে ১১ রাউন্ডে সাড়ে ১০ পয়েন্ট নিয়ে অপরাজিত ভাবে খেতাব পায় রাজ্যের সোনার মেয়ে। এই আসর থেকে তার আন্তর্জাতিক রেটিং-এ ৫২ ইএলও যোগ হয়েছে। এই সাফল্যের ফলে বিশ্ব চ্যাম্পিয়নশীপ, এশিয়ান চ্যাম্পিয়নশীপ ও কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপে দেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাবে।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হাঙ্কা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৫ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*